দৈনিক
ইত্তেফাক

তারিখ 19 MAY 2016
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষক লাঞ্ছনার ঘটনায় তদন্ত প্রতিবেদন জমা

## আজ শিক্ষামন্ত্রীর ব্রিফিং

■ ইত্তেফাক রিপোর্ট

নারায়ণগঞ্জে ধর্মীয় অনুভূতিতে আঘাতের অভিযোগে প্রধান শিক্ষককে মারধর ও কান ধরে ওঠবস করানোর ঘটনায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের গঠিত তদন্ত কমিটি প্রতিবেদন জমা দিয়েছে। গতকাল বুধবার বিকালে শিক্ষা মন্ত্রণালয়ে প্রতিবেদন জমা দেয়া হয়েছে বলে মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানিয়েছেন। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ আজ বেলা ১১টায় রাজধানীর সেগুন বাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে প্রতিবেদনের বিষয়ে সাংবাদিকদের ব্রিফিং করবেন।

গত সোমবার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি)-এর ঢাকা অঞ্চলের পরিচালক মো. ইউসুফ আলীকে প্রধান করে দুই সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়।